

ভর্তি

একাদশ শ্রেণিতে ভর্তিতে দ্বিতীয় ধাপে আবেদন শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৩ আগস্ট ২০২৫, ১০: ১৬



বর্তমানে কলেজে ভর্তিতে আবেদন করতে হয় অনলাইনে ছবি: মঙ্গল ইসলাম

একাদশ শ্রেণিতে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিতে দ্বিতীয় ধাপে আবেদনের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ভর্তির ওয়েবসাইটে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আজ শনিবার (২৩ আগস্ট) সকাল থেকে অনলাইনে আবেদন শুরু হচ্ছে। এ ধাপের আবেদন চলবে ২৫ আগস্ট পর্যন্ত।

ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘২০২৫-২৬ শিক্ষাবর্ষে ‘একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫’ অনুযায়ী ভর্তির জন্য দ্বিতীয় পর্যায়ে অনলাইনে আবেদন গ্রহণ আজ ২৩ আগস্ট (শনিবার) সকাল ৯টা থেকে শুরু হবে। ২৫ আগস্ট (সোমবার) রাত ৮টা পর্যন্ত এ প্রক্রিয়া চলবে।’ দ্বিতীয় ধাপের ফল প্রকাশ করা হবে ২৮ আগস্টে।

এর আগে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রথম ধাপের ফলাফল গত বুধবার সন্ধ্যায় ভর্তির কেন্দ্রীয় ওয়েবসাইটে প্রকাশ করা হয়। ফলাফলের তথ্য পর্যালোচনায় দেখা গেছে, আসন্ন শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রথম ধাপের ফলাফল গত বুধবার সন্ধ্যায় ভর্তির কেন্দ্রীয় ওয়েবসাইটে প্রকাশ করা হয়। ফলাফলের তথ্য পর্যালোচনায় দেখা গেছে, আসন্ন শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রথম ধাপের ফলাফল গত বুধবার সন্ধ্যায় ভর্তির জন্য কেউ আবেদনই করেনি। আবার আবেদন করলেও ভর্তির জন্য নির্বাচিত হয়নি ২৫ হাজার ৩৪৮ শিক্ষার্থী, এর মধ্যে রয়েছে জিপিএ-৫ পাওয়া ৫ হাজার ৭৬৫ শিক্ষার্থী।

ঢাকা শিক্ষা বোর্ড সুত্রে জানা গেছে, এবার ভর্তিযোগ্য মোট কলেজ-মাদ্রাসা ৮ হাজার ১৫টি। এগুলোতে একাদশ শ্রেণিতে ভর্তিযোগ্য আসন আছে ২৫ লাখ ৬৩ হাজার ৬৩টি। এসব আসনের বিপরীতে আবেদন করেছিল ১০ লাখ ৭৩ হাজার ৩১০ জন ভর্তিযোগ্য শিক্ষার্থী। এর মধ্যে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে ১০ লাখ ৪৭ হাজার ৯৬২ জন। বাকি ২৫ হাজারের বেশি শিক্ষার্থী আবেদন করেও ভর্তির জন্য নির্বাচিত হয়নি।

এ ভর্তিপ্রক্রিয়ায় নির্ধারিত আবেদন ফি জমা দিয়ে সর্বনিম্ন ৫টি ও সর্বোচ্চ ১০টি কলেজ বা মাদ্রাসার জন্য পছন্দক্রম দিয়ে আবেদন করতে হয়। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করেছে, তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির জন্য একটি শিক্ষাপ্রতিষ্ঠানে তার অবস্থান নির্ধারণ করা হয়েছে।

